গাংনীতে আইবিডব্লিউএফ’র ব্যবসায়ী সম্মেলন ও কমিটি গঠন

মেহেরপুরের ইন্ডাস্ট্রিয়ালিস্টস বিজনেসম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) এর গাংনী উপজেলা ও পৌর শাখার দ্বিবার্ষিক ব্যবসায়ী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলন শেষে গাংনী উপজেলা ও পৌর শাখার দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়।

আজ শনিবার সকালে গাংনী আলেয়া মাদ্রাসা হলরুমে এ সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়।

পেশাজীবী সংগঠন আদর্শ শিক্ষক পরিষদের গাংনী উপজেলা শাখার সভাপতি মাওলানা আবুল হাসেমের সভাপতিত্বে অনুষ্ঠিত দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন আইবিডব্লিউএফ’র যশোর ও কুষ্টিয়া জোনের পরিচালক আব্দুল মতিন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জামায়াতের আমির ও জামায়াত মনোনীত মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দীন খান, মেহেরপুর-২ আসনের প্রার্থী ও জেলা জামায়াতের শূরা সদস্য নাজমুল হুদা, পেশাজীবী সংগঠনের মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ আল আমিন ইসলাম বকুল এবং আইবিডব্লিউএফ’র জেলা শাখার সভাপতি খালিদ সাইফুল্লাহ প্রমুখ।

সম্মেলন শেষে ফকির মোহাম্মদকে সভাপতি ও হাসান সাঈদ সরোয়ারকে সাধারণ সম্পাদক করে গাংনী উপজেলা কমিটি এবং মনিরুল ইসলামকে সভাপতি ও আবদুস সালামকে সম্পাদক করে পৌর শাখার আইবিডব্লিউএফ কমিটি গঠন করা হয়।

এ সময় গাংনী উপজেলা ও পৌর এলাকার প্রায় দেড় শতাধিক ব্যবসায়ী সম্মেলনে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আইবিডব্লিউএফ’র মত বিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ইন্ডাস্ট্রিয়ালিস্টস এন্ড বিজনেসম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) গাংনী উপজেলা শাখা আয়োজিত মত বিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে মেহেরপুরের গাংনী বাজার সিঙ্গার শো রুমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা আইবিডব্লিউফ এর সভাপতি ফকির মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন আইবিডব্লিউএফ এর মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আইবিডব্লিউএফ এর সভাপতি খালিদ মোঃ সাইফুল ইসলাম, জেলা সেক্রেটারি মোঃ সাজ্জাদুল ইসলাম পলাশ।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী গাংনী উপজেলা আমীর ও আইবিডব্লিউএফ উপদেষ্টা ডাঃ মোঃ রবিউল ইসলাম, আইবিডব্লিউএফ এর সাবেক জেলা সভাপতি ও বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা কর্মপরিষদ সদস্য নাজমুল হুদা, ইসলামী ব্যাংক গাংনী শাখার ম্যানেজার অপারেশন মোঃ হাসিবুল ইসলাম, গাংনী পৌর আইবিডব্লিউএফ সভাপতি মনিরুল ইসলাম, গাংনী পৌর জামায়াতের আমীর মোঃ আহসানুল হক, বায়তুল মাল ও রাজনৈতিক সেক্রেটারি মোঃ জিল্লুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজউদ্দিন খান বলেন সততার মাধ্যমে আমাদের সকলকে ব্যবসা বাণিজ্য পরিচালনা করতে হবে এবং সকল পন্য বিক্রয়ের ক্ষেত্রে সঠিক ভাল পন্য উল্লেখ করতে হবে। আল্লাহ তাআলা রিজিকের ৯০ ভাগ ব্যবসার মাধ্যমে আসে তাই আমাদের সৎ সকল ব্যবসায়ীকে সৎ ও নির্ভীক হতে হবে। রাসুল বলেছেন ব্যবসিক রা নবী- রাসূল ও শহীদদের সাথে জান্নাতে থাকবেন সেজন্য আমাদেরকে সততার সাথে ব্যবসা করতে হবে।